

ডাকসুর গঠনতন্ত্রের কয়েকটি অনুচ্ছেদের সংশোধন ও আচরণবিধি প্রণয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের গঠনতন্ত্রের কয়েকটি অনুচ্ছেদ সংশোধন ও পরিমার্জন করা হয়েছে। ২৯ জানুয়ারি ২০১৯ মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় গঠনতন্ত্রের এই সংশোধন ও পরিমার্জন করা হয়। গঠনতন্ত্রের যে সব অনুচ্ছেদ সংশোধন করা হয়েছে তা হলো:

১. (ক) যে সকল শিক্ষার্থী ১ম বর্ষ স্নাতক সন্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে অনার্স/মাস্টার্স/এমফিল পর্যায়ে অধ্যয়নরত আছে এবং যারা বিভিন্ন আবাসিক হলে আবাসিক/অনাবাসিক শিক্ষার্থী হিসেবে সংযুক্ত রয়েছে এবং নির্বাচনের তফসিল ঘোষণার তারিখে যাদের বয়স কোনক্রমেই ৩০ বছরের অধিক হবে না, কেবলমাত্র তারাই ডাকসু ও হল সংসদ নির্বাচনে ভোটার হতে পারবে। সকল ভোটারই প্রার্থী হওয়ার যোগ্যতা রাখে।

উপরোক্ত শিক্ষার্থীরা ব্যতিত অন্য যারা সাক্ষ্যকালীন বিভিন্ন কোর্স/ প্রোগ্রাম/ প্রফেশনাল/ এক্সিকিউটিভ/ স্পেশাল মাস্টার্স/ ডিপ্লোমা/ এমএড/ পিএইচডি/ ডিবিএ/ ল্যান্ডস্কেপ কোর্স/ সার্টিফিকেট কোর্স অথবা এ ধরনের অন্যান্য কোর্সে অধ্যয়নরত আছে তারা ভোটার হতে পারবে না।

(খ) ৩০ বছরের উর্ধ্ব শিক্ষার্থীরা যে কোর্সেই অধ্যয়ন করুক না কেন, তারা ভোটার হতে পারবে না।

(গ) সরকারি/বেসরকারি অথবা দেশে বা বিদেশের যে কোনো প্রতিষ্ঠানে কর্মরত কোনো শিক্ষার্থী ভোটার হতে পারবে না।

(ঘ) অধিভুক্ত ও উপাদানকল্প (affiliated & constituent) কলেজের কোনো শিক্ষার্থী ভোটার হতে পারবে না।

২. গঠনতন্ত্রের/প্রচলিত নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট আবাসিক হলেই ভোট কেন্দ্র স্থাপন করা হবে।

৩. সময়ের চাহিদা বিবেচনায় ডাকসু ও হল সংসদে কয়েকটি সম্পাদক ও সদস্য পদ সৃষ্টি করা হয়েছে।

৪. কতিপয় সংশোধনী ও পরিমার্জন সাপেক্ষে ডাকসু ও হল সংসদ নির্বাচনের আচরণবিধিও সিন্ডিকেট সভায় অনুমোদন দেওয়া হয়েছে।

(মাহমুদ আলম)

পরিচালক

জনসংযোগ দফতর

ঢাকা বিশ্ববিদ্যালয়